

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

### CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং - ৬৭/২০১৭

তারিখ : ২৮/১১/২০১৭খ্রি:

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস স্মারক নং-৩৪/কাস/জেটি/গোপন সংবাদ/২০১৭-১৮/৩৮০(১৮),  
তারিখ : ২১/১১/২০১৭খ্রি: সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

স্বাক্ষরিত/-  
মোহাম্মদ মুছা  
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-৩৪/কাস/জেটি/গোপন সংবাদ/২০১৭-১৮

তারিখ : /১১/২০১৭

বিষয় : **গ্রীন চ্যানেল পদ্ধতির অপব্যবহারকারী আমদানিকারক ও সিএন্ডএফ এজেন্ট সনাক্ত করার লক্ষ্যে বিশেষ টিম গঠন।**

সম্প্রতি বিভিন্ন গোপনীয় সূত্রে অভিযোগ পাওয়া যাচ্ছে যে, স্পেশাল বন্ডেড শিল্প প্রতিষ্ঠানের জন্য প্রদত্ত গ্রীন চ্যানেল পদ্ধতির সুবিধা গ্রহণকারী কতিপয় প্রতিষ্ঠান উক্ত সুবিধার অপব্যবহার করছেন। এ সকল প্রতিষ্ঠান বর্ণিত সুবিধা গ্রহণ করে উহার আড়ালে এমনসব পণ্য বা কাঁচামাল আমদানি করছেন মর্মে জানা যায় যা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক উৎপাদিত পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য নয় এবং তা UP/UD তে উল্লেখ থাকে না বা থাকলেও তা বিভিন্ন পাইকারী/খোলা বাজারে সরাসরি বিক্রি হচ্ছে। এভাবে প্রতিষ্ঠানগুলো মিথ্যা ঘোষণা প্রদানের মাধ্যমে রাজস্ব ফাঁকি কার্যক্রমকে উৎসাহিত করছেন এবং গ্রীন চ্যানেল পদ্ধতিকে প্রশ্নবিদ্ধ করছেন।

০২। এমতাবস্থায়, গ্রীন চ্যানেল পদ্ধতির সুবিধা গ্রহণকারী বন্ডেড প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত পণ্য চালানোর উপর মনিটরিং কার্যক্রম জোরদার করা সহ অভিযান পরিচালনার লক্ষ্যে নিম্নোক্ত দুইটি বিশেষ টিম গঠন করা হলো, যথা :-

#### (ক) বিশেষ টিম-১

ক্রঃ নং	নাম ও পদবী	বর্তমান কর্মস্থল	দলগত অবস্থান
০১	জনাব মোঃ বাবুল ইকবাল, ডেপুটি কমিশনার	জেটি প্রশাসন	দলনেতা
০২	জনাব মোঃ সাইফুল কবীর-৫, এআরও	জেটি প্রশাসন	সদস্য
০৩	জনাব সুদীপ চাকমা, এআরও	জেটি প্রশাসন	সদস্য
০৪	জনাব এস এম জাহিদুল ইসলাম, এআরও	এসএপিএল	সদস্য
০৫	জনাব গোপাল চন্দ্র চক্রবর্তী, এআরও	পিসিএ	সদস্য
০৬	জনাব প্রিয়দর্শী চাকমা, এআরও	রঞ্জানি শুক্রায়ন-২	সদস্য

#### (খ) বিশেষ টিম-২

ক্রঃ নং	নাম ও পদবী	বর্তমান কর্মস্থল	দলগত অবস্থান
০১	জনাব চপল চাকমা, ডেপুটি কমিশনার	কাস্টম হাউস	দলনেতা
০২	জনাব মোঃ রবিউল মোর্শেদ, এআরও	সেকশন-৪	সদস্য
০৩	জনাব মোহাম্মদ আলী, এআরও	সেকশন-৫(বি)	সদস্য
০৪	জনাব মোঃ জসিম উদ্দিন, এআরও	সেকশন-৯(এ)	সদস্য
০৫	জনাব রমেন মিত্র, এআরও	পোর্ট লিংক	সদস্য
০৬	জনাব কেতকী চাকমা, এআরও	ইউ-ব্যাগেজ পরীক্ষণ	সদস্য

০৩। টিমের কার্যক্রম নিম্নরূপ নির্ধারণ করা যায় :

- টিমের প্রত্যেক সদস্য সুবিধাজনক ও প্রয়োজন অনুযায়ী জেটি এলাকায় অবস্থান করে গ্রীন চ্যানেল পদ্ধতির সুবিধা গ্রহণকারী বন্ডেড প্রতিষ্ঠান সমূহের আমদানিকৃত চালান সমূহের উপর ঝুঁকি ব্যবস্থাপনার আওতায় সীমিত প্রতিষ্ঠানের প্রতি নজর রাখাসহ আমদানি দলিলাদি যেমন : (UP, UD ইত্যাদি) পরীক্ষা করবেন,
- সন্দেহজনক চালানসমূহ ১০০% কায়িক পরীক্ষণের লক্ষ্যে অভিযান পরিচালনা করবেন,
- গ্রীন চ্যানেল অপব্যবহারকারী প্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট সমূহের তালিকা প্রণয়ন করবেন।
- প্রতিদিনের কার্যক্রম শেষে পরবর্তী দিনের পূর্বাঙ্কে নিম্নোক্ত ছক অনুসারে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রতিবেদন পেশ করতে হবে।

ক্রঃ নং	বন্ডেড প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও বন্ড লাইসেন্স নম্বর	সিএন্ডএফ প্রতিষ্ঠানের নাম ও এআইএন নম্বর	UP ও UD অনুসারে কাঁচামাল ও উৎপাদনশীল পণ্যের বিবরণ	অভিযোগের বিবরণ (যদি থাকে)	অনিয়মের বিবরণ	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

০৪। উল্লিখিত টিম দু'টির কার্যক্রম পরিচালনার লক্ষ্যে টিমের কর্মকর্তাগণকে নিজ দায়িত্বে অতিরিক্ত দায়িত্ব হিসেবে ৩০/১১/২০১৭ তারিখ হতে ১৭/১২/২০১৭ তারিখ পর্যন্ত অতিরিক্ত কমিশনার (জেটি) এর তত্ত্বাবধানে দায়িত্ব পালনের নির্দেশ দেয়া হলো।

স্বাক্ষরিত/-  
ড. এ কে এম নূরুজ্জামান  
কমিশনার  
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-৩৪/কাস/জেটি/গোপন সংবাদ/২০১৭-১৮/৩৮০(১৮)

তারিখ : ২১/১১/২০১৭ খ্রি: